দৈনিক ইত্তেফাক

তারিখ 2 SEP 1995
পৃষ্ঠা ৩ কলাম ৬

## ভর্তি

# রাজশাহীতে সরকারী কলেজগুলিতে আসন সাড়ে তিন হাজার

রাজশাহী অফিস ।। রাজশাহী মহানগরীতে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া শুরু হইয়াছে। প্রতিদিন কলেজ হইতে ভর্তি ফরম বিক্রয় হইতেছে। আগামী ৩০শে সেপ্টেম্বর ভর্তি পরীক্ষার সর্বশেষ সময় বাধিয়া

( ৭ম পৃঃ দ্রষ্টব্য )

## ভর্তি

( ৩য় পৃঃ পর )

দেওয়া হইয়াছে। তবে জরিমানা দিয়া আগামী ২৫শে অক্টোবরের মধ্যে ভর্তি হওয়া যাইবে।

রাজশাহী মহানগরীতে সরকারী কলেজ রহিয়াছে ৪টি। ইহাছাড়া বেসরকারী কলেজের সংখ্যা ১২টি। বেসরকারী কলেজের চাইতে সরকারী কলেজে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের ফরম উঠাইতে বেশী ভিড় দেখা গিয়াছে।

সরকারী কলেজগুলিতে আসন সংখ্যা তিন হাজার পাঁচ শত পঞ্চাশ। ইহার মধ্যে রাজশাহী সরকারী কলেজে ১ হাজার, নিউ ডিগ্রী সরকারী কলেজে ৮৫০, সরকারী সিটি কলেজে ৯৫০ এবং সরকারী মহিলা কলেজে ৭৫০ আসন সংখ্যা রহিয়াছে। বেশী ভীড় দেখা যাইতেছে প্রতি বছরের মত এবারও রাজশাহী সরকারী কলেজে। এই ঐতিহ্যবাহী কলেজে পরীক্ষার ফলাফল প্রতিবারই ভাল। ইহাছাড়া এই কলেজে অনার্স রহিয়াছে ১৯টি বিষয়ে। ইহার ফলে ইহার প্রতি ছাত্রছাত্রীদের আকর্ষণ অন্যান্য কলেজের চাইতে বেশী।

চলতি বছর সরকারের নূতন নিয়ম অনুসারে কোন কলেজে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে না। ভর্তি করা হইবে মার্ক দেখিয়া। আসন সংখ্যা অনুযায়ী বেশী মার্কপ্রাপ্তদের ভর্তি করা হইবে।

এই প্রতিনিধির কাছে একজন কলেজের অধ্যক্ষ জানান, সরকারী সিদ্ধান্ত অনুযায়ী ভর্তির এই নিয়ম তাহাদের পালন করিতে হইবে। তবে কোন ছাত্র-ছাত্রী বিজ্ঞান লইয়া এসএসসি পরীক্ষা পাশ করিয়া কলায় ভর্তি হইতে চাহিলে সেক্ষেত্রে কি করা হইবে এই নির্দেশ এখনও পাওয়া যায় নাই। তিনি বলেন, নূতন ভর্তির নিয়মে শহরের চাইতে মফস্বলের ছাত্র-ছাত্রীরাই বেশী সুযোগ পাইবে। কারণ তুলনামূলকভাবে তাহাদের পরীক্ষার ফল ভাল হইয়াছে। তবে একেক কলেজে একেক রকম টাকার অংক ধরিয়া ভর্তি ফরম বিক্রয় করা কতটুকু আইনসঙ্গত হইতেছে তাহার সদুত্তর তিনি দিতে পারেন নাই।